দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

69

## দুই বৎসর যাবৎ বাংলা শিক্ষকের পদ শূন্য

পাবনা জেলার সুজানগর উপজেলার নিজাম উদ্দিন আজগর আলী কলেজ (এনএ কলেজ)-এ দীর্ঘ দুই বৎসর যাবৎ বাংলা বিষয়ের কোন শিক্ষক নাই। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার চরম ব্যাঘাত ঘটিতেছে। জানা যায়, পছন্দনীয় একজন প্রার্থী মাস্টার্স পরীক্ষা শেষ না করায় পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার পরও বাংলা বিষয়ে কোন শিক্ষক নিয়োগ করা হয় নাই। দুই বৎসর পূর্বের এই ঘটনা। আবার এক বৎসর পূর্বে নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়া হইলেও বাংলা বিষয়ে কোন শিক্ষক নিয়োগ না দেওয়ার বিষয়টি বোধগম্য নহে। যাহা হউক ছাত্র-ছাত্রীদের অসুবিধা দূর করার জন্য অত্র কলেজে যাহাতে অনতিবিলম্বে বাংলার একজন শিক্ষক নিয়োগ পাইতে পারেন, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মধু বিশ্বাস,
সুজানগর, পাবনা।